গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় সমবায় কার্যালয়, রাজশাহী
সাধারণ বীমা ভবন (৯ম তলা)
কাজীহাটা, গ্রেটার রোড, রাজশাহী
www.coop.rajshahidiv.gov.bd

নম্বর: ৪৭.৬১.০০০০.২৪৩.৩২.০০২.২৩. ৫৫২ তারিখ: ১৪-৬-২০২৩ খ্রি.

সমবায় সমিতি আইন, ২০০১ এর ৪৩(১) উপ-ধারা ও সমবায় অধিদপ্তর, ঢাকায় ২১-১০-২০২১ খ্রি. তারিখ অনুষ্ঠিত দ্বি-মাসিক সমন্বয় সভার (পত্র নং ২১৯, তারিখ: ০৩-১১-২০২১ খ্রি.) সিদ্ধান্ত অনুযায়ী রাজশাহী বিভাগাধীন সকল কেন্দ্রীয় সমবায় সমিতির ২০২২-২০২৩ অর্থ বছরের বিধিবদ্ধ বার্ষিক অডিট সংযুক্ত তালিকায় সমিতির নামের পাশে বর্ণিত অডিট অফিসারগণের নামে বরাদ্দ প্রদান করা হলো।

**অডিট সম্পাদনের ক্ষেত্রে আবশ্যিকভাবে প্রতিপালনযোগ্য নির্দেশনাসমূহ**

১। ৩০-৬-২০২৩ খ্রি. তারিখে সমিতির স্থাবর-অস্থাবর সম্পত্তি, মজুদ মালামাল, নগদ ও ব্যাংক তহবিল সংশ্লিষ্ট অডিট অফিসারকে সরেজমিনে যাচাই করে নিম্নবর্ণিত ছক মোতাবেক ২ (দুই) প্রস্ত যাচাই প্রতিবেদন আগামী ২৭-৯-২০২৩ খ্রি. তারিখের মধ্যে দাখিল করতে হবে।

(ক) ব্যবহার্য আসবাবপত্র ও অফিস সরঞ্জাম/অন্যান্য সামগ্রী

| নং | বিবরণ | ৩০-৬-২০২২ তারিখের স্থিতি | | ২০২২-২০২৩ অর্থ বছরের অবচয় | | ২০২২-২০২৩ অর্থ বছরের ক্রয় | | ৩০-৬-২০২৩ তারিখের স্থিতি | | সরেজমিনে যাচাই অন্তে প্রাপ্ত | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | পরিমাণ | মূল্য | পরিমাণ | মূল্য | পরিমাণ | মূল্য | পরিমাণ | মূল্য | পরিমাণ | মূল্য |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ |

(খ) বিক্রয়যোগ্য স্টেশনারি/অন্যান্য সামগ্রী

| নং | বিবরণ | ৩০-৬-২০২২ তারিখের স্থিতি | | ২০২২-২০২৩ অর্থ বছরের ক্রয় | | ২০২২-২০২৩ অর্থ বছরের বিক্রয় | | ৩০-৬-২০২৩ তারিখের স্থিতি | | সরেজমিনে যাচাই অন্তে প্রাপ্ত | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | পরিমাণ | মূল্য | পরিমাণ | মূল্য | পরিমাণ | মূল্য | পরিমাণ | মূল্য | পরিমাণ | মূল্য |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ |

২। সমবায় সমিতি আইন, ২০০১ এর ৪৫, ৪৬ এবং সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ এর ১০০, ১০১, ১০২, ১০৩ বিধি প্রতিপালনপূর্বক অডিট (বকেয়াসহ; যদি থাকে) সম্পাদন করে সংশ্লিষ্ট সমিতি, থানা/উপজেলা, জেলা ও বিভাগীয় সমবায় কার্যালয়ে ৩১-১২-২০২৩ তারিখের মধ্যে অডিট প্রতিবেদন দাখিল করতে হবে।

৩। নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অদিদপ্তর, ঢাকা কর্তৃক সময়ে সময়ে জারিকৃত অডিট সংক্রান্ত বিভিন্ন পরিপত্র/পত্রের বিষয়সমূহের ওপর সুস্পষ্ট মন্তব্য অডিট প্রতিবেদন অন্তর্ভুক্ত করতে হবে।

৪। সমবায় অধিদপ্তর, ঢাকা কর্তৃক প্রণীত অডিট ম্যানুয়েল অনুযায়ী অডিট প্রতিবেদন প্রস্তুত করতে হবে এবং সমিতির ব্যবস্থাপনায় আইন-বিধি বর্হিভূত কোনো বিষয় পরিলক্ষিত হলে সে বিষয়ে করণীয় সম্পর্কে সুনির্দিষ্ট অভিমত প্রতিবেদনে উল্লেখ করতে হবে।

৫। অডিট অফিসারগণ হিসাব বিবরণী যথাযথভাবে নিরীক্ষার মাধ্যমে হিসাবের কারচুপি, জালিয়াতি ও আত্মসাতের মত ঘটনাবলির উদঘাটন নিশ্চিত করবেন এবং এ ধরনের ঘটনা উদঘাটিত হলে একটি বিশেষ নিরীক্ষা প্রতিবেদন পৃথকভাবে দাখিল করবেন।

৬। যে সকল সমবায় সমিতির স্থাবর সম্পত্তি, প্লান্ট, মেশিনারিজ ইত্যাদি রয়েছে সে সকল সমিতির অডিট প্রতিবেদনে উল্লিখিত সম্পদের তফসিল, মালিকানা, মূল্য, রক্ষণাবেক্ষণ ও নিরাপত্তা বিষয়ে বিস্তারিত মন্তব্য প্রদান করতে হবে।

৭। অডিট প্রতিবেদনে মিথ্যা ও বিভ্রান্তিকর তথ্য পরিবেশন করা হলে সংশ্লিষ্ট অডিট অফিসারের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

৮। প্রথম ত্রৈমাসে (জুলাই-সেপ্টেম্বর) ৪০% এবং পরবর্তী ত্রৈমাসে (অক্টোবর-ডিসেম্বর) অবশিষ্ট ৬০% অডিট কার্যক্রম আবশ্যিকভাবে সম্পন্ন করতে হবে এবং নির্ধারিত এ লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রত্যেক অডিট অফিসারকে ত্রৈমাসিক ভিত্তিতে ব্যক্তিগত অডিট রিটার্ন দাখিল করতে হবে।

৯। কোনো সমবায় সমিতির অডিট অফিসার অন্যত্র বদলি হলে তার স্থলাভিষিক্ত কর্মকর্তা/কর্মচারি উক্ত সমিতির অবশিষ্ট অডিট কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে সম্পাদন করবেন।

১৪/৬/২৩

মোঃ মোখলেছুর রহমান
যুগ্মনিবন্ধক
বিভাগীয় সমবায় কার্যালয়, রাজশাহী

নম্বর: ৪৭.৬১.০০০০.২৪৩.৩২.০০২.২৩.                                                                 তারিখ: ১৪-৬-২০২৩ খ্রি.

জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। জনাব.................................................................................................................অডিট অফিসার
পদবি ও কর্মস্থল.........................................................................................................

২। সভাপতি
দৃষ্টি-আকর্ষণ: উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা/উপজেলা প্রকল্প কর্মকর্তা/নির্বাহী কর্মকর্তা/ভারপ্রাপ্ত নির্বাহী কর্মকর্তা/ভারপ্রাপ্ত কর্মকর্তা।
.........................................................................................................................

(সমবায় অধিদপ্তর, ঢাকা কর্তৃক হিসাব ম্যানুয়েল অনুযায়ী ২০২২-২০২৩ অর্থ বছরের প্রস্তুতকৃত হিসাব বিবরণী ও তদসংক্রান্ত রেকর্ডপত্র যথাসময়ে অডিট অফিসার এর নিকট উপস্থাপন করে অডিট কাজে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করার জন্য তাঁকে বলা হলো।)

৩। থানা/উপজেলা সমবায় অফিসার..................................রাজশাহী/চাঁপাইনবাবগঞ্জ/নাটোর/নওগাঁ/বগুড়া/সিরাজগঞ্জ/পাবনা/জয়পুরহাট।

৪। জেলা সমবায় অফিসার, রাজশাহী/চাঁপাইনবাবগঞ্জ/নাটোর/নওগাঁ/বগুড়া/সিরাজগঞ্জ/পাবনা/জয়পুরহাট।

৫। উপপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, রাজশাহী।

মোঃ মোখলেছুর রহমান
যুগ্মনিবন্ধক
বিভাগীয় সমবায় কার্যালয়, রাজশাহী
ই-মেইল: jr.rajshahi@coop.gov.bd
ফোন নাম্বার: ০২৫৮৮৮৫৫৫৪৬

## বগুড়া জেলার ১৮টি কেন্দ্রীয় সমবায় সমিতির অনুমোদিত অডিট বরাদ্দ

সাধারণ (৬টি)

| নং | সমিতির নাম ও ঠিকানা | নিবন্ধন নং ও তারিখ | অডিট অফিসার এর নাম ও পরিচিতি | সমিতির ধরন |
|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ |
| ০১ | বগুড়া কেন্দ্রিয় সমবায় ব্যাংক লিঃ<br>সমবায় ব্যাংক ভবন, সাতমাথা, বগুড়া। | ১৪৪<br>০৫/০৩/১৯১৪ | মোঃ আব্দুল জলিল<br>উপজেলা সমবায় অফিসার<br>শেরপুর বগুড়া। | সক্রিয় |
| ০২ | বগুড়া কেন্দ্রিয়,সমবায় শিল্প সমিতি লিঃ<br>কারমাইকেল রোড, সেউজগাড়ী, বগুড়া। | ৪৫৮<br>১৬/১২/১৯৪৪ | শফিকুল ইসলাম<br>উপজেলা সমবায় অফিসার<br>সারিয়াকান্দি,বগুড়া। | নিষ্ক্রীয় |
| ০৩ | বগুড়া কেন্দ্রিয় বহমুখী সমবায় সমিতি লিঃ<br>কারমাইকেল রোড, খান্দার বাজার, বগুড়া। | ০৯<br>১৮/০৯/১৯৫৮ | মোঃ আজাদুল ইসলাম<br>সরেজমিনে তদন্তকারী<br>জেলা সমবায় অফিস, বগুড়া। | নিষ্ক্রীয় |
| ০৪ | পদ্মপাড়া কেন্দ্রিয় বহমুখী সমবায় সমিতি লিঃ<br>গ্রামঃ গাবতলী, ডাকঃ গাবতলী, উপঃ গাবতলী, জেলাঃ বগুড়া। | ৪৮<br>০৩/১২/১৯২২ | কাজী ফাতেমাতুজ জোহরা<br>উপজেলা সমবায় অফিসার<br>শাজাহানপুর, বগুড়া। | সক্রিয় |
| ০৫ | রামচন্দ্রপুর কেন্দ্রিয় দুগ্ধ উৎপাদনকারী সমবায় সমিতি লিঃ<br>গ্রামঃ রামচন্দ্রপুর, ডাকঃ রামচন্দ্রপুর, উপঃ সারিয়াকান্দি, জেলাঃ বগুড়া। | ০৭<br>১০/০৪/২০১৬ | মোছাঃ হাওয়া বেগম<br>উপজেলা সমবায় অফিসার<br>সোনাতলা,বগুড়া। | সক্রিয় |
| ০৬ | গাবতলী পূর্বাঞ্চল কেন্দ্রিয় দুগ্ধ উৎপাদনকারী সমবায় সমিতি লিঃ<br>গ্রামঃ দুর্গাহাটা, ডাকঃ দুর্গাহাটা, উপঃ গাবতলী, জেলাঃ বগুড়া। | ০৬<br>১০/০৪/২০১৬ | মোছাঃ শারমিন আকতার<br>পরিদর্শক<br>জেলা সমবায় অফিস, বগুড়া। | সক্রিয় |

বিআরডিবি (১২টি)

| নং | সমিতির নাম ও ঠিকানা | নিবন্ধন নং ও তারিখ | অডিট অফিসার এর নাম ও পরিচিতি | সমিতির ধরন |
|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ |
| ০১ | কোতয়ালী ইউ সি সি এ লিঃ<br>গ্রামঃ কৈগাড়ী, ডাকঃ বগুড়া<br>উপজেলা: বগুড়া সদর, জেলাঃ বগুড়া। | ০৫<br>১২/০৫/১৯৭৩ | মোঃ সুলতান আলম<br>উপজেলা সমবায় অফিসার<br>ধুনট, বগুড়া। | সক্রিয় |
| ০২ | শেরপুর ইউ সি সি এ লিঃ<br>শেরপুর উপজেলা পরিষদ চত্বর, ডাকঃ শেরপুর<br>উপজেলা: শেরপুর, জেলাঃ বগুড়া। | ৩১<br>০৫/০৯/১৯৭৩ | মোঃ আশিকুর রহমান<br>পরিদর্শক<br>জেলা সমবায় অফিস, বগুড়া। | সক্রিয় |
| ০৩ | ধুনট ইউ সি সি এ লিঃ<br>ধুনট উপজেলা পরিষদ চত্বর, ডাকঃ ধুনট<br>উপজেলা: ধুনট, জেলাঃ বগুড়া। | ০৪<br>০৫/০১/১৯৭১ | মোঃ আসাদুজ্জামান ভূইয়া<br>উপজেলা সমবায় অফিসার<br>গাবতলী, বগুড়া | সক্রিয় |
| ০৪ | সারিয়াকান্দি ইউ সি সি এ লিঃ<br>সারিয়াকান্দি উপজেলা পরিষদ চত্বর<br>সারিয়াকান্দি, বগুড়া। | ০২<br>০৫/১১/১৯৭১ | মোঃ রেজানুর রহমান তালুকদার<br>পরিদর্শক<br>জেলা সমবায় অফিস, বগুড়া। | সক্রিয় |
| ০৫ | গাবতলী ইউ সি সি এ লিঃ<br>গাবতলী উপজেলা পরিষদ চত্বর<br>উপজেলা: গাবতলী, জেলাঃ বগুড়া। | ০৩<br>০৫/০১/১৯৭১ | মোঃ নূর আলম<br>পরিদর্শক<br>জেলা সমবায় অফিস, বগুড়া। | সক্রিয় |

| নং | সমিতির নাম ও ঠিকানা | নিবন্ধন নং ও তারিখ | অডিট অফিসার এর নাম ও পরিচিতি | সমিতির ধরন |
|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ |
| ০৬ | সোনাতলা ইউ সি সি এ লিঃ<br>সোনাতলা উপজেলা পরিষদ চত্বর<br>উপজেলা: সোনাতলা, জেলাঃ বগুড়া। | ৪৮<br>০৬/০৭/১৯৭৭ | মোঃ আব্দুস ছালাম<br>উপজেলা সমবায় অফিসার<br>আদমদিঘী, বগুড়া। | সক্রিয় |
| ০৭ | শিবগঞ্জ ইউ সি সি এ লিঃ<br>শিবগঞ্জ উপজেলা পরিষদ চত্বর<br>উপজেলা: শিবগঞ্জ, জেলাঃ বগুড়া। | ৪৯<br>২৬/০৮/১৯৭৭ | মোঃ সালাহ উদ্দিন সিদ্দিক<br>উপজেলা সমবায় অফিসার<br>বগুড়া সদর, বগুড়া। | সক্রিয় |
| ০৮ | নন্দীগ্রাম ইউ সি সি এ লিঃ<br>পল্লী ভবন, নন্দীগ্রাম উপজেলা পরিষদ চত্বর<br>উপজেলা: নন্দীগ্রাম, জেলাঃ বগুড়া। | ০২<br>১১/১১/১৯৭৯ | মোঃ মোকারম হোসেন<br>পরিদর্শক<br>জেলা সমবায় অফিস, বগুড়া। | নিষ্ক্রীয় |
| ০৯ | আদমদিঘী ইউ সি সি এ লিঃ<br>আদমদিঘী উপজেলা পরিষদ চত্বর<br>উপজেলা: আদমদিঘী, জেলাঃ বগুড়া। | ৪৮<br>১৬/০৭/১৯৭৭ | মোছাঃ রোকেয়া সুলতানা<br>উপজেলা সমবায় অফিসার<br>দুপচাঁচিয়া, বগুড়া। | সক্রিয় |
| ১০ | দুপচাঁচিয়া ইউ সি সি এ লিঃ<br>গ্রামঃ দুপচাঁচিয়া, ডাকঃ দুপচাঁচিয়া<br>উপজেলা: দুপচাঁচিয়া, জেলাঃ বগুড়া। | ৫৯<br>১৮/০৩/১৯৭৮ | মোঃ মাহবুবুর রহমান<br>উপজেলা সমবায় অফিসার<br>কাহালু , বগুড়া। | সক্রিয় |
| ১১ | শাজাহানপুর ইউ সি সি এ লিঃ<br>শাজাহানপুর উপজেলা পরিষদ চত্বর<br>উপজেলা: শাজাহানপুর, জেলাঃ বগুড়া। | ০২<br>০৩/০৯/২০১৪ | মোছাঃ রাজিয়া সুলতানা<br>উপজেলা সমবায় অফিসার<br>শিবগঞ্জ, বগুড়া। | সক্রিয় |
| ১২ | কাহালু ইউ সি সি এ লিঃ<br>কাহালু উপজেলা পরিষদ চত্বর<br>উপজেলা: কাহালু, জেলাঃ বগুড়া। | ৫৯<br>১৮/০৩/১৯৭৮ | ঝরনা রানী দেবনাথ<br>উপজেলা সমবায় অফিসার<br>নন্দীগ্রাম,বগুড়া। | সক্রিয় |

মোঃ মোখলেছুর রহমান
যুগ্মনিবন্ধক
বিভাগীয় সমবায় কার্যালয়, রাজশাহী
ই-মেইল: jr.rajshahi@coop.gov.bd
ফোন নাম্বার: ০২৫৮৮৮৫৫৫৪৬